গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শেষ পর্ব অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজকর্ম বিষয়ে ১ম রিলিজ স্লিপে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২২/০৬/২০২৬ তারিখের স্মারক নং-১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৩-২০২৪/৫৭৮০ মোতাবেক এ কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান ও সমাজকর্ম বিষয়ে মাস্টার্স শেষ পর্ব কোর্সে রিলিজ স্লিপে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে নিম্নবর্ণিত সময়সূচী ও নিয়মাবলী অনুযায়ী ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হবে।

| কার্যক্রমের বিবরণ | তারিখ | সময় |
|---|---|---|
| ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি | ৩০/০৬/২০২৬ হতে ০৫/০৭/২০২৫ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যাতীত) | ০৯.৩০ টা হতে ০১.০০ টা পর্যন্ত |

**০১। অনলাইনে কলেজের ভর্তি ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের করণীয় ঃ**

অনলাইনে কলেজের Education Management System (EMS)-এ ভর্তির জন্য http.//gssmc.eshiksabd.com/ লিংকে প্রবেশ করে শিক্ষার্থীদের কমন ইউজার নেইম ও পাসওয়ার্ড (User Name: gssmcstudent ও Password: gssmcstudent) দিয়ে Login করে মেনু থেকে প্রথমে Admission এ ক্লিক করতে হবে, পরবর্তীতে Click for New Admission এ ক্লিক করে Select Group থেকে ভর্তিচ্ছু শ্রেণি Masters নির্বাচন করে Select Department থেকে Subject (যেমন Political Science/ Social Work/ Economics যার জন্য যেটি প্রযোজ্য) নির্বাচন করে Admission Roll দিয়ে Check for Admission এ ক্লিক করলে ভর্তির তথ্য সম্বলিত ফরম প্রদর্শিত হবে। সেখানে শিক্ষার্থী নিজে তার সকল তথ্য পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের নম্বর এন্ট্রি করার পর Save এ ক্লিক করলে টাকার পরিমাণসহ পূরণকৃত ভর্তি ফরম প্রদর্শিত হবে। উক্ত প্রদর্শিত ভর্তি ফরম প্রিন্ট করতে হবে।

**প্রদত্ত ফি সমূহ ঃ**

ক) ভর্তি ফি, রেজিস্ট্রেশন ফি, বেতন ও সেসন চার্জ বাবদ মোট ৪,৬৩৪/- টাকা + সেমিনার ফি ৪৫০/- ও শিক্ষা সফরের ফি ১২০/- সর্বমোট ৫,২০৪/-

Bkash, Roket App -এর মাধ্যমে জমা দিতে হবে।

**ভর্তির অন্যান্য নিয়মাবলী ও করণীয় ঃ**

০২। **ভর্তি ফরম সংগ্রহ ও জমা ঃ** মাস্টার্স শেষ পর্ব রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদেরকে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের www.nu.ac.bd/Admission অপশনে Masters Login লিংকে গিয়ে যথাযথভাবে ফরম পূরণপূর্বক A4 সাইজ (৮.৫"× ১১") অফসেট সাদা কাগজে প্রিন্ট করে এবং কলেজের EMS থেকে পূরণকৃত ভর্তি ফরম প্রিন্ট করে ৩নং ধারায় উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করে সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধানগণের নিরীক্ষার পর ভর্তির চূড়ান্ত আবেদন ফরম (১ সেট ফটোকপি করে মূল কপি সহ মোট ২ সেট) এ কলেজের হিসাব শাখায় জনাব মোঃ মাসুদ রানা-এর নিকট জমা দিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**০৩। ভর্তি ফরমের প্রতি সেটের সঙ্গে যে সকল কাগজ পত্র জমা দিতে হবে ঃ**

ক) মাস্টার্স ভর্তির প্রাথমিক আবেদনের College Copy - ০১ কপি।
খ) Bkash, Roket App - এর মাধ্যমে ৫,২০৪/- টাকা জমার Slip - ০১ কপি।
গ) অনার্স/মাস্টার্স ১ম পর্ব পাশের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি - ০১ কপি।
ঘ ) অনার্স রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি - ০১ কপি।
ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ২ কপি এবং স্ট্যাম্প সাইজের ছবি ২ কপি (সাদা ড্রেস পরিহিত)
চ) আবেদন ফরমসহ সকল প্রকার কাগজপত্র ০২(দুই) সেট জমা দিতে হবে

স্বাঃ
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

স্মারক নং-স.সা.সু.ম.ক :
তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ
১। উপাধ্যক্ষ, এ কলেজ।
২। বিভাগীয় প্রধানঃ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান/ সমাজকর্ম বিভাগ, এ কলেজ।
৩। জনাব মোঃ শেখ মুজিব, প্রদর্শক (বেসরকারি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, এ কলেজ।
৪। হিসাব রক্ষক, এ কলেজ।
৫। জনাব সুলতান আহমেদ/জনাব সাব্বির হোসেন/জনাব মোঃ মাসুদ রানা/জনাব অমৃত বিশ্বাস /জনাব রূপালী শিকদার/জনাব মোঃ ওয়াসিউল খান/জনাব মোঃ মিরাজ শেখ, এ কলেজ।
৬। নোটিশ বোর্ড/ ওয়েবসাইট/ হেল্প ডেস্ক, এ কলেজ।
৭। সংরক্ষণ নথি।

২৯/৬/২৫
অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।

অধ্যক্ষ
সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ
ফরিদপুর।